22186 - নামাযের তেলাওয়াতে বিসমিল্লাহ পড়া

প্রশ্ন

সূরা ফাতিহা তেলাওয়াতের পরপরই অন্য কোন সূরা তেলাওয়াত করার আগে بسم الله الرحمن الرحيم পড়া কি আবশ্যকীয়? আর যদি কোন সূরার মাঝখান থেকে তেলাওয়াত শুরু করে তাহলে কি বলবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

বিসমিল্লাহ্ পড়া মুস্তাহাব; ওয়াজিব নয়। যদি সূরার প্রথম থেকে পড়ে সেক্ষেত্রে বিসমিল্লাহ্ পড়া মুস্তাহাব। মুসল্লি সূরা ফাতিহা পড়ার আগে বিসমিল্লাহ্ পড়বে। পক্ষান্তরে, সূরা ফাতিহার পরের তেলাওয়াতের ক্ষেত্রে যদি কোন সূরার শুরু থেকে পড়ে তাহলে বিসমিল্লাহ্ পড়বে; তবে সূরা তাওবা ছাড়া। কেননা সূরা তাওবার প্রথমে বিসমিল্লাহ্ পড়া যায় না। আর যদি কোন সূরার মাঝখান থেকে পড়ে তাহলে বিসমিল্লাহ্ পড়া মুস্তাহাব নয়।

স্থায়ী কমিটি বলেন:

সাব্যস্ত সুন্নাহ প্রমাণ করছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযে সূরা ফাতিহার আগে ও অন্য সূরার আগে বিসমিল্লাহ্ পড়তেন; কেবল সূরা তাওবা ছাড়া। কিন্তু তিনি স্বশব্দে তেলাওয়াতকৃত নামাযগুলোতেও স্বশব্দে বিসমিল্লাহ পড়তেন না।[স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (৬/৩৭৮)

স্থায়ী কমিটি আরও বলেন:

নামাযের প্রত্যেক রাকাতে সূরা ফাতিহার পূর্বে ও সূরা তাওবা ছাড়া অন্য সব সূরার পূর্বে বিসমিল্লাহ্ পড়া শরয়ি বিধান।[প্রাগুক্ত রেফারেন্স]

যদি সূরা ফাতিহার পর অন্য কোন সূরা পড়ে তাহলে সূরা ফাতিহার পূর্বে চুপে চুপে বিসমিল্লাহ্ পড়বে। আর যদি সাধ্যানুযায়ী অন্য কোন সূরার মাঝখান থেকে পড়ে তাহলে বিসমিল্লাহ্ পড়া শরিয়তসম্মত নয়।[স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (৬/৩৮০)

আল্লাহই সর্বজ্ঞ।